



শাহজালাল বিমানবন্দরের আগুনের ঘটনায় ৫ সদস্যের তদন্ত কমিটি গঠন



সংগৃহীত ছবি

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে অগ্নিকাণ্ডের ঘটনায় বিমান বাংলাদেশ এয়ারলাইনস ৫ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে।

কমিটি অগ্নিকাণ্ডের কারণ, ক্ষয়ক্ষতি এবং দায়-দায়িত্ব নির্ধারণ করে ৫ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জমা দেবে।

শনিবার (১৮ অক্টোবর) দুপুর আড়াইটার দিকে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ফায়ার সার্ভিসের ৩৭টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণের কাজ শুরু করে। জানা গেছে, এই কার্গো ভিলেজে বিভিন্ন দেশ থেকে আমদানি করা পণ্য মজুদ করা হতো।

বিমান বাংলাদেশ এয়ারলাইনস ঘটনার তদন্তে ৫ সদস্যের কমিটি গঠন করেছে। কমিটিকে নেতৃত্ব দেবেন ফ্লাইট সেফটি বিভাগের প্রধান। সদস্য হিসেবে রয়েছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিনিধি, করপোরেট সেফটি এন্ড কোয়ালিটির মহাব্যবস্থাপক, কোয়ালিটি অ্যাসুরেন্সের চিফ ইঞ্জিনিয়ার এবং কার্গো-রফতানি বিভাগের উপ-মহাব্যবস্থাপক। ইন্স্যুরেন্স বিভাগের উপ-ব্যবস্থাপক কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

কমিটির প্রধান দায়িত্বের মধ্যে রয়েছে অগ্নিকাণ্ডের কারণ চিহ্নিতকরণ, ক্ষয়ক্ষতি নির্ধারণ, দায়-দায়িত্ব নির্ধারণ এবং ভবিষ্যতে আগুন প্রতিরোধে সুপারিশ তৈরি। কমিটিকে তার প্রতিবেদনের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক ও সিইওর কাছে ৫ কর্মদিবসের মধ্যে রিপোর্ট দাখিল করতে হবে।